দৈনিক সংবাদ

তারিখ ... APR. 8 1999

পৃষ্ঠা ২ কলাম ৩

63

# বুয়েটে স্থাপত্য শিক্ষার্থীদের অনশন চলছে ঃ ২ জনের অবস্থা আশংকাজনক

(বুয়েট সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগকে স্বতন্ত্র ইনস্টিটিউট ঘোষণার দাবিতে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের আমরণ অনশন চলছে। কাল ছিল অনশনের তৃতীয় দিন।

অনশনরত ছাত্রছাত্রীদের মধ্যে ২ জন ছাত্রের অবস্থা আশঙ্কাজনক এবং গতকাল বুধবার সন্ধ্যার মধ্যেই অর্ধশতাধিক ছাত্রছাত্রী অনেকেই শয্যাশায়ী হয়ে পড়েছে। আশঙ্কাজনক ছাত্র ২ জন হচ্ছে, দ্বিতীয় বর্ষের ফয়সাল কবীর এবং আশরাফুল আলম। গতকাল বুধবার পর্যন্ত স্থাপত্য বিভাগের শিক্ষক ছাড়া বুয়েট কর্তৃপক্ষের কেউ অনশনরত ছাত্রছাত্রীদেরকে দেখতে যাননি।